সংবাদ

তারিখ ... 27 APR 2017
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬

# এসএসসির ফল প্রকাশ ৪ মে

নিজস্ব বার্তা পরিবেশক

আগামী ৪ মে প্রকাশ করা হবে এসএসসি ও সমমান পরীক্ষার ফল। ওইদিন সকাল ১০টায় বিভিন্ন বোর্ডের চেয়ারম্যানদের সঙ্গে নিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে ফল তুলে দেবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। এরপর দুপুর ১টায় শিক্ষা মন্ত্রণালয়ে সংবাদ সম্মেলনে আনুষ্ঠানিকভাবে ফলাফল ঘোষণা করা হবে। শিক্ষামন্ত্রী সাংবাদিকদের জানিয়েছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ৪ মে এসএসসির ফল প্রকাশের জন্য সময় দিয়েছেন। বিগত কয়েক বছর ধরে পরীক্ষা শেষ হওয়ার ৬০ দিনের মধ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক (এইচএসসি ও সমমান) পরীক্ষার ফল প্রকাশ করে আসছে শিক্ষা মন্ত্রণালয়। গত ২ ফেব্রুয়ারি এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু এসএসসির : পৃষ্ঠা : ১৫ ক : ৬

## এসএসসির : ফল

(১ম পৃষ্ঠার পর)

হয় এবং তাত্ত্বিক বা লিখিত পরীক্ষা শেষ হয় গত ২ মার্চ। ব্যবহারিক পরীক্ষা ৪ মার্চ শুরু হয়ে শেষ হয় ১১ মার্চ। এসএসসি ও সমমানের পরীক্ষায় এবার মোট ১৭ লাখ ৮৬ হাজার ৬১৩ জন ছাত্রছাত্রী অংশ নিয়েছে। এর মধ্যে ৮টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে এসএসসিতে ১৪ লাখ ২৫ হাজার ৯০০ জন, মাদ্রাসা বোর্ডের অধীনে দাখিলে ২ লাখ ৫৬ হাজার ৫০১ এবং এসএসসি ভোকেশনালে (কারিগরি) ১লাখ ৪ হাজার ২১২ শিক্ষার্থী পরীক্ষা দিয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.......................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর